

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি অমর একুশে বইমেলা ২০২৫ এর উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নোবিপ্রবি অমর একুশে বইমেলা ২০২৫ এর উদ্বোধন করা হয়েছে। আজ বৃহস্পতিবার (২০ ফেব্রুয়ারি ২০২৫) কেন্দ্রীয় খেলার মাঠে এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। এসময় উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ।

উদ্বোধনকালে উপ-উপচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, ডিজিটাল এ যুগে আমাদের ডিভাইসে আশক্তি কমিয়ে বই পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে। প্রিন্টেড বইয়ের যে আনন্দ সেটা অন্য কোন মাধ্যমের সাথে তুলনা করা যাবে না। আমরা চাই একটি মেধাবী প্রজন্ম গড়ে উঠুক যা বই পড়ার মাধ্যমে সম্ভব।

উল্লেখ্য 'বইয়ের পাতায় চিন্তার বিপ্লব' স্লোগানকে প্রতিপাদ্য করে ২০ থেকে ২৪ ফেব্রুয়ারি, ২০২৫ পাঁচ দিনব্যাপী আয়োজিত এ মেলা প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত চলবে। বইমেলায় আয়োজনে রয়েছে বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম, নোবিপ্রবি শাখা, শব্দ কুটির, রোটোরেক্ট ক্লাব, অন্দ্রাখিনারশিপ ক্লাব এবং এমআইএস নেট।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪